দৈনিক বাংলা

তারিখ ... ৬।৭।৪ ...
পৃষ্ঠা ... কলাম ...

## ভাল রেজাল্ট

(১-এর পৃঃ পর)

নিয়মিতভাবে লেখাপড়া। সাইফুর রহমান-চৌধুরীর ডাক নাম টিংকু। ছাত্রজীবনে রাজনীতি করা সে পছন্দ করে না। প্রকৌশলী হতে আগ্রহী টিংকু সুযোগ পেলে উচ্চশিক্ষার জন্যে বিদেশ যাবে। তবে শিক্ষা শেষে অবশ্যই দেশে ফিরবে বলে সে জানিয়েছে।

টিংকু এসএসসিতে সম্মিলিত মেধা তালিকায় অষ্টম স্থান লাভ করেছিল। এবারের ফলাফলে ও খুব খুশী। স্কুল-কলেজের বর্তমান পরীক্ষা পদ্ধতি বদলিয়ে এমন একটি পদ্ধতি চালু করা প্রয়োজন যাতে করে ছাত্রছাত্রীকে নিয়মিত-ভাবে লেখাপড়া করতে হবে, ফাঁকি দেয়ার কোন সুযোগ থাকবে না—এ মতামত টিংকুর। টিংকুরা দু'বোন, এক ভাই। ওর বাবা ডাঃ আজিজুর রহমান চৌধুরী অবসরপ্রাপ্ত আর্মি মেডিকাল অফিসার।

## সামিরা

(১-এর পৃঃ পর)

লেখাপড়ার সঙ্গে সঙ্গীতের চর্চাও করে থাকে। মূলতঃ ক্লাসিক্যালের প্রতি ওর ঝোঁক। সামিরা শিক্ষকতা পেশার প্রতি আগ্রহী। ওর হবিঃ গান শোনা, সঙ্গীত ও সাহিত্য চর্চা, বাগান করা। ওর বিশ্বাস লেখা-পড়ায় নিয়মিত হলে ভাল রেজাল্ট করা সম্ভব।

সামিরা আশ্বাসী সম্মিলিত তালিকায় চতুর্থ এবং মেয়েদের মাঝে প্রথম হয়েছে। এসএসসিতে দ্বিতীয় হয়েছিল। ফলাফলে আগের মতই খুশী। ওর বিশ্বাস—মানুষ চেষ্টা করতে পারে, ফলাফল খোদার হাতে।

## খালেদ

(১-এর পৃঃ পর)

শেষে দেশে ফেরা দরকার। কারণ দেশ তাদের কাছ থেকে কিছু আশা করে। খালেদ প্রকৌশলী হতে চায়।

খালেদের বাবা জনাব আবদুস সোবহান তথ্য ও বেতার মন্ত্রণালয়ের উপ-সচিব, মা মিসেস রওশন জাহান ঢাকা বিশ্ববিদ্যালয় মনোবিজ্ঞান বিভাগের শিক্ষিকা।